Total No. of Printed Pages—11

**HS/XII/A. Sc. Com/B/15**

**2 0 1 5**

# BENGALI

## ( Modern Indian Language )

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

(iii) General Candidates are not allowed to attempt the questions meant for Elementary School Teacher Candidates.

১। সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘‘লোকালয়ে মানুষের মধ্যে আমরা নানা জীবজন্তুর —— পরিচয় পেয়ে থাকি, সেকথা জান।’’

( আচ্ছন্ন / প্রচ্ছন্ন / বিচ্ছিন্ন )

(খ) ‘‘দেখলুম একটা শিমুল গাছের চারা —— খোওয়া দেওয়া রাস্তার মাঝখানেই উঠেছে।’’

( বাগিচার / বাগানের / গালিচার )

(গ) ‘‘কাঁদতে কাঁদতে কাকির কোল ছেড়ে —— চলে গেল, আমাদের ঘর হল শূন্য।’’

( বলাই / উপেন / লক্ষ্মণ )

(ঘ) কাব্য নাটক উপন্যাস দুই এক বৎসর ফেলিয়া রাখিয়া —— করিলে বিশেষ উৎকর্ষ লাভ করে।

( সংশোধন / কাটাকুটি / নকল )

(ঙ) বুড়ির এই অনুরোধ সকলেরই —— প্রবেশ করিল, কিন্তু অধিকাংশই ভান করিলেন যেন কিছু শুনিতে পান নাই।

( কর্ণকুহরে / কর্ণবিবরে /কর্ণরন্ধ্রে )

(চ) ছোকরা ভিড়ে —— করিল আর ফিরিল না।

( প্রস্থান / অন্তর্ধান / যাত্রা )

(ছ) চোখের কোণে জল —— করিতে লাগিল।

( টলমল / ঝলমল / টলটল )

২। *দু-একটি* শব্দে যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ‘‘জাগাত প্রভাতে মোরে কুহরি সুস্বরে পিক-রাজ।’’

‘পিক-রাজ’ শব্দের অর্থ কি?

(খ) ‘‘কাননে কুসুম কলি ফোটে, গো-রাখালের বাঁশি
হাওয়াকে বানায় মেঠো সুর, পুকুরে কলস ভাসে।’’

কোন্ কবিতার অংশ?

(গ) ‘‘এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি,
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।’’

কবিতাটির রচয়িতা কে?

(ঘ) ‘‘তৃষাতুর শেষে পহুঁছিনু এসে আমার বাড়ির কাছে।’’

এখানে কার বাড়ির কথা বলা হয়েছে?

(ঙ) ‘‘বাংলা ভাষা উচ্চারিত হলে নিকোনো উঠোনে
ঝরে রোদ, বারান্দায় লাগে জ্যোৎস্নার চন্দন।’’

‘নিকোনো’ শব্দের অর্থ কি?

৩। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ‘‘আমি মোগলের দাসী কখনই হইব না।’’ বক্তা কে?

(খ) মাণিকলালের কন্যার বয়স কত ছিল?

(গ) ‘‘আর উপায় কি সখি?’’ চঞ্চলকুমারীর এই সখীর নাম কি?

(ঘ) ‘‘তোমার ঠাঁই টাকাকড়ি কি আছে?’’ এই উক্তিটি কে করেছেন এবং কাকে উদ্দেশ্য করে বলেছেন?

(ঙ) বিক্রমসিংহ কোন্ রাজ্যের রাজা ছিলেন?

৪ । যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) ‘‘আমার মজুরী আট আনা। দু টাকা দিচ্ছেন কেন ?’’ এই উক্তিটি কে, কাকে এবং কেন করেছে ?

(খ) ‘‘বিদ্যা প্রকাশের চেষ্টা করিবেন না।’’ বক্তা কে? কোন্ পাঠ্যাংশের অন্তর্গত ?

(গ) ‘‘কাহারও অনুকরণ করিও না।’’ লেখক একথা কেন বলেছেন ?

(ঘ) ‘‘ঐ ঘাসিয়াড়াকে বলো না আমার ঐ গাছগুলো যেন না কাটে।’’ কে, কাকে এই কথাগুলি বলেছে? গাছগুলি কাটতে বারণ করার কারণ কি ?

(ঙ) ‘‘উঠলে তো, এখন বসবে কোথায় বাছা ?’’ একথা কে, কাকে বলেছিল ?

৫ । যে-কোন **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘‘মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুম পাড়ানিয়া ছড়া কোন্ সে সুদূরে ;
সত্তা তার আশাবরী।’’

পংক্তিটি কোন্ কবিতার অংশ ? কবির নাম কি ?

(খ) ‘‘একে একে মনে উদিল স্মরণে বালককালের কথা।’’

এখানে কার, কোন্ সময়ে বালককালের কথা মনে পড়েছিল ?

(গ) সরমা কে? সংক্ষেপে সরমার পরিচয় দাও।

(ঘ) ''দেখ সখি, এ রাজকান্তি দেখিয়া তোমার কি বিশ্বাস হয়না যে, ইনি অগতির গতি, অনাথার রক্ষক?'' এখানে কে, কাকে সখী সম্বোধন করেছেন?

(ঙ) ''স্নেহের সে দানে বহু সম্মানে বারেক ঠেকানু মাথা।''

পংক্তিটি কোন্ কবিতার অংশ? 'স্নেহের দান' বলতে কোন্ দানের উল্লেখ করা হয়েছে?

(চ) ''হংসী কি বকের সেবা করে?'' উক্তিটি কার? কার উদ্দেশ্যে উক্তিটি করা হয়েছে?

(ছ) 'রাজসিংহ' উপন্যাসে অনন্ত মিশ্র কে? রাজকন্যার আদেশে তিনি কোথায় গিয়েছিলেন?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ''যিনি সোজা কথায় আপনার মনের ভাব সহজে পাঠককে বুঝাইতে পারেন, তিনিই শ্রেষ্ঠ লেখক।'' কাদের উদ্দেশ্যে লেখক এরূপ নির্দেশ দিয়েছেন? 'শ্রেষ্ঠ লেখক'-এর কি কি গুণ থাকা আবশ্যক?

(খ) ''বলাই অনেকদিন থেকে বুঝতে পেরেছিল, কতকগুলো ব্যথা আছে যা সম্পূর্ণ ওর একলারই—ওর চারদিকের লোকের মধ্যে তার কোনো সাড়া নাই।'' এই গল্পের লেখক কে? বলাই-এর ব্যথাগুলি কি কি?

(গ) ''পয়সা উঠা লেও, তুমহি কো দিয়া।'' একথা কাকে বলা হয়েছে? কখন?

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) তোমার পাঠ্যাংশ অবলম্বনে 'রাজসিংহ' উপন্যাসের চঞ্চলকুমারীর চরিত্র আলোচনা কর।

(খ) ''সূর্যদেব অস্ত গেলে খদ্যোত কি জ্বলে না? শিশির ভরে নলিনী মুদিত হইলে ক্ষুদ্র কুন্দ কুসুম কি বিকশিত হয় না?'' এই উক্তিটি একটি পত্রের অংশ, পত্রটি কে, কার কাছে পাঠিয়েছিলেন? কি উদ্দেশ্যে এই পত্রটি পাঠানো হয়েছিল? উদ্ধৃত উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

(গ) ''এখন সাহস হইয়াছে, রাজসিংহের আশ্রয় গ্রহণ করাই ভাল।'' বক্তা কে, কোন্ পরিস্থিতিতে রাজসিংহের আশ্রয় গ্রহণ করার সাহস হল তাঁর?

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক)
''আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে—
তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।''

কে, কাকে কথাগুলি বলেছে? বিষয়বস্তু আলোচনা করে উদ্ধৃতিটির সার্থকতা বিচার কর।

(খ) তোমার পঠিত 'সীতা ও সরমা' কাব্যাংশের বিষয়বস্তু বর্ণনা কর।

(গ)
''বাংলা ভাষা
উচ্চারিত হলে অন্ধ বাউলের একতারা বাজে
উদার গৈরিক মাঠে, খোলা পথে, উত্তাল নদীর
বাঁকে বাঁকে, নদীও নর্তকী হয়।''

উদ্ধৃতাংশটি ব্যাখ্যা কর।

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'দুধের দাম' গল্পটির রচয়িতা কে? গল্পটির মূল বক্তব্য তোমার নিজের ভাষায় লেখ।

(খ) ''এই নিয়মগুলি বাঙ্গালা লেখকদের দ্বারা রক্ষিত হইলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি বেগে হইবে।'' বক্তা কে? তিনি বাংলা সাহিত্যের উন্নতির জন্য যে নিয়মগুলির নির্দেশ দিয়েছেন তা সংক্ষেপে লেখ।

(গ) ''আমার বৌদিদির মৃত্যু হয়েছে যখন এই ছেলেটি তাঁর কোলে।'' এখানে 'আমার' বলতে কাকে বোঝানো হয়েছে? 'বৌদিদি' কে? 'ছেলেটি'র সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০। উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

অভিশ্রুতি ; স্বরভক্তি ; সমীভবন ; বর্ণলোপ ; তদ্ভব শব্দ।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন **একটি**) :

ইস্কুল ; কাইল ; ধরম ; পিচাশ।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

''চল চপলার চকিত চমকে করিছ চরণ বিচরণ।''

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ৩×২=৬

যমক ; উৎপ্রেক্ষা ; বক্রোক্তি ; রূপক।

১৩। নীচের যে-কোন **চারটি** বাক্যের বঙ্গানুবাদ কর : ২×৪=৮

(ক) We have five senses—touch, taste, sight, smell and hearing.

(খ) One should look before he leaps.

(গ) The crowning glory of the reign of Shah Jahan is the Taj Mahal.

(ঘ) People says that morning shows the day.

(ঙ) The more you read, the more you learn.

১৪। নীচের অংশটির সারমর্ম লেখ : ৮

আধুনিক সভ্যতার বিজয়-গৌরব বহন করে গড়ে উঠেছে কল-কারখানা অধ্যুষিত নগরসমূহ। পরিবহন কার্যে নিয়োজিত রয়েছে অসংখ্য যন্ত্রচালিত যানবাহন। মানুষের বসতি নির্মাণ করতে গিয়ে প্রতিদিন অসংখ্য বৃক্ষ ছেদন করা হচ্ছে। এক একটি শহর হয়ে উঠেছে বৃক্ষলতার স্পর্শহীন পাষাণপুরী। এরই পরিণামে সভ্যতাগর্বী মানুষের জীবনও জটিল ব্যাধিতে আক্রান্ত হচ্ছে।

নগরজীবন বৃক্ষ-বিরল হয়ে আসায় মানুষের প্রাণের অস্তিত্ব আজ বিপন্ন। পৃথিবীর প্রতিটি দেশে তাই বিজ্ঞানীরা রব তুলেছেন, পরিবেশ দূষণ থেকে বাঁচতে হলে তরুরাজির শ্যামল ছায়ায় প্রত্যাবর্তন করতে হবে। বড় বড় শহরে শত শত মেট্রিক টন দূষিত কণা ভেসে বেড়াচ্ছে। এই ভয়াবহ অবস্থা থেকে বাঁচতে হলে প্রাকৃতিক পরিবেশে ভারসাম্য ফিরিয়ে আনতে হবে। তাই বৃক্ষ রোপণ আধুনিক মানুষের জীবনে এক প্রাণপ্রদ উৎসব।

১৫। নীচের যে-কোন একটি বিষয় অবলম্বন করে **একটি** নিবন্ধ লেখ : ১০

(ক) ছাত্রসমাজ ও রাজনীতি

(খ) বিজ্ঞান ও আধুনিক সভ্যতা

(গ) বিশ্বকাপ ফুটবল, ২০১৪

(ঘ) তোমার প্রিয় গ্রন্থ

**For Elementary School Teacher Candidates only**

[ Only Teacher Candidates are allowed to opt for Q. Nos. **8** and **9** (meant for all Candidates) **or** Q. No. **16** (meant only for the Teacher Candidates) ]

১৬। নীচের যে-কোন **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ''বলাইয়ের কাকি দুদিন অন্নগ্রহণ করলেন না .....।'' কেন তিনি দুদিন অন্নগ্রহণ করলেন না ?

(খ) ''আমি ধর্ম বিক্রি করি না।'' কে বলেছে ? কেন বলেছে ?

(গ) ''যশের জন্য লিখিবেন না।'' বক্তা কে ? তাহলে যশ কিভাবে আসবে ?

(ঘ) ‘‘পূর্বকথা শুনিবারে যদি ইচ্ছা তব
কহি আমি, শুন মনঃ দিয়া।’’

পংক্তিটি কোন্ কবিতার অংশ? কবির নাম কি?

(ঙ) ‘‘পেলে দুই বিঘে, প্রস্থে ও দিঘে সমান হইবে টানা।’’ কোন্ দুই বিঘের কথা বলা হয়েছে?

(চ) ‘‘আপনি সেই সংগ্রামের, সেই প্রতাপের বংশধর।’’ কার সম্বন্ধে, কে একথা বলেছে?

(ছ) ‘‘আমাকে মারিতে হয়, আগে তাহাকে মারুন।’’ কে বলেছে? এখানে ‘তাহাকে’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(জ) ‘‘শিভ্যালরি আমাদের দেশেও ছিল।’’ ‘শিভ্যালরি’ কী? বক্তা কে?

(ঝ) ‘‘শিমুল গাছ বাড়েও দ্রুত, কিন্তু বলাইয়ের আগ্রহের সঙ্গে পাল্লা দিতে পারে না।’’ কার লেখা, কোন্ ছোটগল্প থেকে নেওয়া?

(ঞ) ''তুলি কুবলয়ে (অতুল রতন সম) পরিতাম কেশে।'' কার উক্তি?
কোন্ কবিতায়?

(ট) ''গয়া প্যাসেঞ্জার আ গিয়া।'' কে, কাকে বলেছে?

(ঠ) ''আরো দু-চারবার এর মৃত্যুদণ্ডের প্রস্তাব করা গেল।'' এখানে
কে, কার মৃত্যুদণ্ডের প্রস্তাব করেছিলেন?

★★★